

৩ বর্ষ ৪৩ সংখ্যা ১৬ মার্চ ২০০১/২ তৈরি ১৪০৭

মা

নুষের শুদ্ধতম আবেগের অন্যতম প্রেম। কখনো শরীরী, কখনো
শরীর উত্তীর্ণ। কখনো মন নিয়ে, কখনো ভালোবাসায়। ব্যক্তি মানব-
মানবের বুদ্ধিবৃত্তি, তামসিক চাহিদা, বয়স, মানসিক অভিক্ষেপ
নির্ধারণ করে প্রেমের এক একটি স্তর। কারও প্রচন্ড এষণা শরীরের উদ্দাম
উৎসব নিয়ে, কারও প্রেষণা সঙ্গেপনে একটুখানি আলাপ, এক পলকের দেখা
নিয়ে। মনের এই আসঙ্গ উষ্ণতা যেমন পথিবীর যাবৎ শিল্পকর্মের অনুপ্রেরণা,
তেমনি ভুল বোঝাবুঝির জন্যও প্রেমার্থী আর্দ্র মনের কাহিনীও আমাদের
অনেক জানা। সুধীজনেরা বলেন, ব্যর্থ প্রেম বলে কিছু নেই, আছে ব্যর্থ কাম।
সমাজ, সমাজের আর্থ-সামাজিক গড়ন প্রেমের তথাকথিত সার্থকতা,
অসার্থকতা নির্ধারণ করে। অথচ যারা ভালোবাসেন, ভালোবেসেছেন তারাই
জানেন ভালোবাসার বহুমাত্রিকতা। অধিকৃতিই সাফল্যের মাপকাঠি নয়।
লোকায়ত বাংলায় প্রচলিত গান আছে— প্রেমের মরা জলে ডোবে না... প্রমিত
বাংলায় সংগীরব ঘোষণা, সে ভোলে ভুলুক, কোটি মন্দিরে আমি ভুলিব না,
আমি কভু ভুলিব না।

প্রেমের এই উদ্ভাস্ত সময়ে সাঞ্চাইক ২০০০ তাই প্রেমের স্তরগুলো তুলে ধরাকে আবশ্যিক মনে
করেছে।

দেশে নির্বাচনী হাওয়া দেখা দিয়েছে। জনগণ আপাতত স্বত্ত্বের আশায় আছে আর হরতাল হবে না।
পথে-ঘাটে নিরীহের ওপর পটকা পড়বে না, মিছিল থেকে গুলিতে মানুষ মারা পড়বে না। কিন্তু
নির্বাচনের প্রধান দুই প্রতিপক্ষ যেভাবে বছরের পর বছর সহিংস বিরোধিতা করে আসছে তাতে নির্বাচন
কর্তৃ সুবাতাস আনবে সেটা নিয়ে অনেকেই চিন্তিত। আমাদের দেশে নির্বাচন মানেই টাকার বিনিময়ে,
অস্ত্রের ঘনৎকারে ভোটকেন্দ্র দখল করে নির্বাচনে জেতা। নির্বাচন মানেই কতিপয় হত্যাকাণ্ড, সন্ত্রাস।
এই ঐতিহ্যের অবসান চাই আমরা, জনগণের সতর্ক সচেতন অবস্থানই সুর্ঘ্রতার নিশ্চয়তা।

